দৈনিক জনকণ্ঠ

তারিখ 17 APR 2016
পৃষ্ঠা 7 কলাম 2

# বকেয়া বেতন দিতে না পারায় অধ্যক্ষের বকাঝকা ॥ অভিমানে স্কুলছাত্রীর আত্মহত্যা

নিজস্ব সংবাদদাতা, সাভার, ১৬ এপ্রিল ॥ স্কুলের বকেয়া বেতনের টাকা পরিশোধ করতে না পারায় অধ্যক্ষের বকা খেয়ে সাভারে এক স্কুলছাত্রী আত্মহত্যা করেছে। শনিবার দুপুরে আড়াপাড়া মহল্লায় এ ঘটনা ঘটে। নিহত ছাত্রীর নাম সোনিয়া আক্তার স্বর্ণালী (১৬)। সে বনপুকুর এলাকার 'চাইল্ড হেভেন' স্কুলের দশম শ্রেণীর ছাত্রী ছিল। সে ঠাকুরগাঁও সদর থানা

(২ পৃষ্ঠা ২ কঃ দেখুন)

## বকেয়া বেতন দিতে

(প্রথম পৃষ্ঠার পর)

এলাকার আকর আলীর মেয়ে এবং আড়াপাড়া মহল্লায় প্রয়াত খালেক চেয়ারম্যানের স্ত্রী ফেন্সীর বাসায় মায়ের সঙ্গে একটি কক্ষে ভাড়া থাকত।

জানা গেছে, স্বর্ণালী সকালে স্কুলে যায়। কয়েক মাসের বেতন বাবদ প্রায় সাড়ে তিন হাজার টাকা বাকি থাকায় স্কুলের অধ্যক্ষ মোঃ কাবুল মিয়া তাকে বকাবকি করে স্কুল থেকে বের করে দেন। পরে বাসায় গিয়ে মা তারা বেগমকে সে বিষয়টি জানায়। কিন্তু এ অপমান-অপদস্থ সইতে না পেরে নিজকক্ষে সিলিং ফ্যানের সঙ্গে ফাঁস লাগিয়ে সে আত্মহত্যা করে। পরে প্রতিবেশীরা জানালা দিয়ে তার ঝুলন্ত লাশ দেখে থানায় খবর দেয়। পুলিশ ঘটনাস্থলে পৌঁছে মৃতদেহ উদ্ধার করে ঢামেক হাসপাতাল মর্গে পাঠায়। এ ঘটনার পর থেকে অধ্যক্ষ কাবুল মিয়া স্কুলে তালা লাগিয়ে পালিয়েছে। পুলিশ জানায়, ওই অধ্যক্ষের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হবে।